# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**25 JUNE 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

১) ১৯শো ৭৫ সালে দেশে জরুরী অবস্থা ঘোষণার ৫০ বছর পূর্তী দিনটি আজ দেশের বিভিন্ন অংশে সংবিধান হত্যা দিবস হিসেবে পালন ।

২) বরাক উপত্যকায়ও আজ সংবিধান হত্যা দিবস পালিত ।

৩) কাছাড়ের বিশেষ বিচারপতি বিপ্রজিত রায়ের মাদকদ্রব্য সরবরাহে জড়িত দুই মিজো যুবককে ১০ বছরের কারদন্ড সহ ১ লক্ষ টাকা জরিমানার রায় ।

এবং

৪) গৌহাটির নীলাচল পাহাড়ে অবস্থিত শক্তিপীঠ কামাখ্যা মন্দিরে আগামীকাল অম্বুবাচী মহাযোগ নিবৃত্তি ।

---

১৯শো ৭৫ সালে দেশে জরুরী অবস্থা ঘোষণার ৫০ বছর পূর্তি দিনটি আজ দেশের বিভিন্ন অংশে সংবিধান হত্যা দিবস হিসেবে পালন করা হচ্ছে । ওই সময় তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী জরোরী অবস্থা ঘোষণা করে সমগ্র দেশের রাজনৈতিক দলের নেতা-কর্মী , সাংবাদিক , শ্রমিক সংগঠনের নেতা সহ প্রায় দেড় লক্ষ মানুষকে কারারূদ্ধ করেছিলেন এবং সংবাদ মাধ্যমের স্বাধীনতা বিলুপ্ত করেছিলেন । এর প্রতিবাদ স্বরূপ ভারতীয় জনতা পার্টী এবং রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘ সহ বেশ কিছু সংগঠন আজকের দিটিকে আসামে সংবিধান হত্যা দিবস হিসেবে পালন করেছে । এই দিবসে দেশের সাংবিধানিক পরম্পরা এবং বাক স্বাধীনতা যাতে কোনভাবেই খর্ব না হয় সেই সংকল্প গ্রহণ করে আগামী দিনে কাজ করে যাওয়ার জন্য সবাই প্রতিশ্রুতিবদ্ধ হন ।

দেশের অন্যান্য অংশের সঙ্গে রাজ্যের বিভিন্ন স্থানেও আজ সংবিধান হত্যা দিবস পালন করা হয় । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ গৌহাটিতে আয়োজিত এক অনুষ্ঠানে অংশ গ্রহণ করে কংগ্রেসের জরুরীকালীন অবস্থার ৫০ বছর পরও একই ধরণের মানসিকতা বিরাজ করছে এবং সময় সময় এই মাসিকতা পরিলক্ষিত হচ্ছে বলে তিনি মন্তব্য করেন । তিনি বলেন যে জরুরীকালীন অবস্থার কালো অধ্যায় জনসাধারণের ভূলে যাওয়া উচিৎ নয় এবং ভবিষ্যতে যাতে এর পুনরাবৃত্তি না হয় সে দিকেও সচেতন থাকা উচিৎ । মুখ্যমন্ত্রী বলেন যে এক সময় সংবিধান হত্যা করার বিষয়টিকে সমর্থন করা পরিবারগুলি আজ সংবিধান রক্ষা করার কথা বলতে শুরু করেছে । কংগ্রেস দলের কেউ আজ পর্যন্ত জরুরীকালীন অবস্থার জন্য ক্ষমা চান নি বলেও তিনি উল্লেখ করেন ।

---

বরাক উপত্যকার তিন জেলা কাছাড় ,শ্রীভুমি ও হাইলাকান্দিতেও আজ সংবিধান হত্যা দিবস পালন করা হয়েছে ।কাছাড় জেলা প্রশাসন , জেলা সাংস্কৃতিক বিষয়ক দপ্তর এবং তথ্য ও জনসংযোগ বিভাগের বরাক উপত্যকা আঞ্চলিক কার্যালয়ের যৌথ উদ্যোগে সংবিধান হত্যা দিবস যথাযোগ্য মর্যাদায় আজ পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে এক সচেতনতামূলক শোভাযাত্রা এবং একটি প্রামাণ্যচিত্র প্রদর্শনের আয়োজন করা হয় । কাছাড় জেলার উপায়ুক্ত মৃদুল যাদব জেলা আয়ুক্তের কার্যালয় প্রাঙ্গণ থেকে শোভাযাত্রার সূচনা করেন । শোভাযাত্রাটি গণতন্ত্র ও সগবিধানের গুরুত্বের বার্তা নিয়ে শিলচর শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে জেলার প্রশাসনিক ভবনে এসে শেষ হয় । এরপর জেলা আয়ুক্তের কার্যালয়ের পুরাতন সম্মেলন কক্ষে ইন্ডিয়া দ্য মাদার অফ ডেমোক্রেসি নামের ভারতের গণতান্ত্রিক ঐতিহ্য ও সংবিধানের গৌরবময় ইতিহাস নিয়ে একটি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয় । অতিরিক্ত জেলা আয়ুক্ত হেমাঙ্গ নবীস , সহকারী আয়ুক্ত ও তথ্য ও জনসংযোগ বিভাগের বরাক উপত্যকা আঞ্চলিক কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত উপ-সঞ্চালক দীপা দাস এবং সহকারী আয়ুক্ত তথা শিশু বিকাশ ও সুরক্ষা আধিকারিকের দায়িত্বপ্রাপ্ত অঞ্জলী কুমারী সহ জেলা প্রশাসনের আধিকারি ও কর্মচারীরা এতে উপস্থিত ছিলেন ।

---

শ্রীভূমি জেলা বিজেপি কার্যালয়ে আজ এই দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে জেলা বিজেপি সভাপতি সঞ্জীব বণিকের পৌরিহত্যে অনুষ্ঠিত আলোচনা সভায় বিভিন্ন বক্তা জরুরীকালীন সময়ে দেখা দেওয়া নানা অর্থনৈতিক ও রাজনৈতিক সমস্যার ফলে

উদ্ভুত পরিস্থিতি নিয়ে বক্তব্য রাখেন । সভায় প্রাক্তন জেলা বিজেপি সভাপতি সুব্রত ভট্টাচার্য্য ,উপ-সভাপতি অশোক দত্ত সহ দলের কর্মকর্তারা উপস্থিত ছিলেন ।

হাইলাকান্দির জেলা আয়ুক্তের কার্যালয়ে আজ সংবিধান হত্যা দিবস উপলক্ষ্যে অতিরিক্ত জেলাআয়ুক্ত ত্রিদিব রায়ের পৌরহিত্যে এক সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় ১৯৭৫ সালের আজকের দিনে দেশে জারি হওয়া জরুরী অবস্থার নানা তথ্য তুলে ধরা হয় । এছাড়া এ সম্পর্কীত একটি তথ্যচিত্রও প্রদর্শন করা হয় । শেষে বিকশিত ভারত গড়তে জেলাআয়ুক্তের কার্যালয়ের কর্মচারীরা শপথ গ্রহণ করেন ।

এসম্পর্কে অতিরিক্ত জেলাআয়ুক্ত ত্রিদিব রায় আমাদের হাইলাকান্দির সংবাদদাতাকে জানান ।

-----বাইট----

---

কাছাড়ের বিশেষ বিচারপতি বিপ্রজিত রায় মাদকদ্রব্য সরবরাহে জড়িত দুই মিজো যুবককে ১০ বছরের কারদন্ড দিয়েছেন । সাজাপ্রাপ্ত এই দুই মিজো যুবক হলেন ২৩ বছর বয়সের আইজল ভেনচাকের বাসিন্দা জিসেফ লালনুনমাওয়া এবং ৩৩ বছর বয়সের আইজল তুইকোয়াল নর্থের বাসিন্দা লালামাংগাইজোয়ালা ।

উল্লেখ্য যে ২০২৩ সালের ১৯ অক্টোবর শিলচর কুম্ভীরগ্রাম বিমানবন্দরে মেথামফেটামাইন সরবরাহ করার সময় এই দুজনকে গ্রেপ্তার করা হয় । দুজনকেই কুম্ভীরগ্রাম বিমানবন্দর থেকে বিমানযোগে কলকাতা যাওয়ার সময় গ্রেপ্তার করা হয়েছিল । বিমানবন্দরে স্ক্রীনিং করার সময় তাদের ব্যাগে ৪টি প্লাস্টিকের পেকেটে ৪ কেজি ৮০ গ্রাম ওজনের মেথামফেটামাইন পাওয়া গিয়েছিল । সঙ্গে সঙ্গে বিমানবন্দর কর্তৃপক্ষ তাদেরকে গ্রোপ্তার করে উধারবন্দ পুলিশের কাছে সমঝে দিয়েছিল । অভিযোগের ভিত্তিতে পুলিশ এই দুজনের বিরুদ্ধে একটি মামালা নথিভুক্ত করে তাদের বিরুদ্ধে তদন্ত শুরু করেছিল । এর পর তাদের আদালতে হাজির করা হয়েছিল । আদালতের বিচারে তাদের বিরুদ্ধে ১০ বছরের সশ্রম করাদন্ড এবং নগদ ১ লক্ষ টাকার জরিমানা করে রায় প্রদান করা হয় । জরিমানার অর্থ প্রদান করতে ব্যার্থ হলে অতিরিক্ত আরো ৬ মাসের কারাদন্ডের সাজা হবে বলে রায়ে উল্লেখ করা হয়েছে ।

---

গৌহাটির নীলাচল পাহাড়ে অবস্থিত শক্তিপীঠ কামাখ্যা মন্দিরে আগামীকাল অম্বুবাচী মহাযোগ নিবৃত্তি হবে । ভোর রাত ৩টা ২৭ মিনিটে অম্বুবাচীর নিবৃত্তির পর দেবীস্নান ,

নিত্য পূজার্চানের পর মন্দিরের মুখ্য দ্বার ভক্তদের দর্শনের জন্য পুনরায় খুলে দেওয়া হবে । এদিকে কামাখ্য ধামে আজ চতুর্থ দিনেও আনন্দ-উল্লাস পরিবেশ অব্যাহত রয়েছে । সাধু-সন্নাসী এবং দেশ বিদেশের হাজার হাজার ভক্তদের উপস্থিতেতে মন্দির প্রাঙ্গনে আধ্যাত্মিক পরিবেশ বিরাজ করছে ।

চলতি মহাযোগের সময় ভক্তরা যাতে কোন ধরণের অসুবিধার সম্মুখীন না হন তার জন্য পুলিশ প্রশাসনের উচ্চপদস্থ আধিকারিকরা পরিস্থিতির দিকে সতর্ক দৃষ্টি রেখে চলেছেন ।

---------------------------------------------------------------------------------

রাজ্যে আর্ন্তজাতিক সঙ্গীত সমারোহ আয়োজনের উদ্দেশ্যে আসাম পর্যটন উন্নয়ন নিগম এবং বিগ ট্রি এন্টারটেইনমেন্ট প্রাইভেট লিমিটেডের মধ্যে একটি চুক্তি স্বাক্ষর হয়েছে । সামাজিক মাধ্যমে এক বার্তায় মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা একথা উল্লেখ করে বলেন যে বিশ্বমানের বিনোদনের কেন্দ্র হিসেবে আসামের পরিচয় গড়ার ক্ষেত্রে এই চুক্তি নিঃসন্দেহে শক্তিশালী পদক্ষেপ হিসেবে বিবেচিত হবে । মূখ্যমন্ত্রী এই চুক্তি কেবল সঙ্গীত সমারোহ আয়োজনের জন্য অনুকূল পরিবেশ সৃষ্টিতে সীমাবদ্ধ নয় বলে উল্লেখ করে বলেন যে এর মাধ্যমে রাজ্যের উজ্জীবিত রূপ ,প্রতিভা ও উদ্যম প্রতিফলিত করা ছাড়াও সঙ্গীতের বিশ্বজনীন ভাষার মাধ্যমে আসামের সমৃদ্ধ সংস্কৃতিকে বিশ্বের সঙ্গে সংযোগ করার প্রয়াস করা হবে ।

---------------------------------------------------------------------------------

কাছাড় জেলার বিদ্যালয় পরিদর্শক জি হরিজন এক বিজ্ঞপ্তীতে জেলার সব সরকারী ও প্রাদেশীকৃত বিদ্যালয়ে আগামী ৬ই জুলাই থেকে ৩১শে জুলাই পর্য্যন্ত গ্রীষ্মকালীন ছুটি ঘোষণা করেছেন । বিজ্ঞপ্তীতে আরো বলা হয়েছে যে একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী গ্রীষ্মকালীন ছুটির প্রারম্ভিক পয়লা জুলাই থেকে ৫ই জুলাই পর্য্যন্ত পাঁচ দিন ছুটি বর্তমান শিক্ষাবর্ষের পূজোর ছুটির সঙ্গে যুক্ত করা হবে ।

---------------------------------------------------------------------------------

শিলচর রাধামাধব কলেজের পক্ষ থেকে আজ ছাত্র-ছাত্রীদের মধ্যে বিনামূল্যে পাঠ্য বই বন্টন করা হয়েছে । কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ডক্টর অরুন্ধতী দত্ত চৌধুরীর পৌরহিত্যে কলেজ প্রেক্ষাগৃহে আয়োজিত এক অনুষ্ঠানে উচ্চ মাধ্যমিক কলা ও বানিজ্য বিভাগের প্রথম বর্ষ ও কলা বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র-ছাত্রীদের হাতে বিনামূল্যে পাঠ্য বই তুলে দেওয়া হয়েছে । আজকের অনুষ্ঠানে প্রাক্তন অধ্যক্ষ ডক্টর দেবাশীষ রায় , উপাধ্যক্ষ ডক্টর রাহুল চক্রবর্তী প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায়  আসন্ন মহরম উৎসব শান্তিপূর্নভাবে পালনের উদ্দেশ্যে আজ একটি প্রস্তুতি সভা অনুষ্টিত হয়েছে । জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতমের পৌরহিত্যে আয়োজিত সভায় জানানো হয় যে এবছর মহরমের শোভাযাত্রা জেলা ক্রীড়া সংস্থার মাঠ থেকে বের হবে এবং মহরম উৎসবের প্রস্তাবিত সব অনুষ্ঠান শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে প্রশাসনের জারি করা সব নীতি-নির্দেশিকা মেনে চলতে হবে । সভায় মহরম কমিটিকে পরিচয় পত্র সহ পর্য্যাপ্ত সংখ্যক স্বেচ্ছাসেবক নিয়োগ করতে বলা হয়েছে । পাশাপাশি তাজিয়া শোভাযাত্রায় কোন ধরনের বির্তকিত বা প্ররোচনামূলক স্লোগান না দেবার পরামর্শ দেওয়া হয়েছে । পুলিশ সুপার অমিতাভ সিনহা শোভাযাত্রায় শান্তি-শৃংখলা বজায় রাখতে এবং সড়কের এক তৃতীয়াংশ যান বাহন চলাচলের জন্য উন্মূক্ত রাখতে সভায় আহ্বান জানিয়েছেন ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে জেলায় খাদ্য সুরক্ষা  যোজনার অধীনে  নতুন করে রেশন কার্ড ইস্যু করার জন্য আজ একটি সভা অনুষ্টিত হয়েছে । জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতমের পৌরহিত্যে আয়োজিত সভায় জানানো হয় যে চার লক্ষ টাকার কম বার্ষিক আয় থাকা পরিবার , যারা এখনো রেশন কার্ড পান নি , তাদেরকে রেশন কার্ড প্রদান করা হবে । রেশন কার্ডের জন্য নির্ধারিত প্রপত্র গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে জমা করা যাবে । প্রপত্র জমা করার সময় আধার কার্ড, ভোটার কার্ড , ঠিকানার প্রমান পত্র , পরিবারের সব সদস্যের ফোটো এবং ব্যাঙ্ক একাউন্টের নম্বর জমা দিতে হবে ।

---

শিলচর-লামডিং ব্রডগেজ রূপায়ন সংগ্রাম কমিটির পক্ষ থেকে বদরপুর-লামডিং রেলপথের জাটিঙ্গা-লামপুর অংশে পুনরায় ভূমি ধ্বসে রেল পরিষেবা বন্ধ হওয়ার ফলে গভীর উদ্বেগ প্রকাশ করে অবিলম্বে চন্দ্রনাথপুর -লংকা দ্বিতীয় রেলপথ নির্মানের দাবী জানানো হয়েছে । কমিটির পক্ষ থেকে জাটিঙ্গা-লামপুর রেল লাইনে যুদ্ধকালীন তৎপরতায় ধ্বস সারাইয়ের কাজ শেষ করে রেল পরিষেবা স্বাভাবিক করতে এবং বিকল্প চন্দ্রনাথপুর-লংকা রেল পথ নির্মানের কাজ শুরু করতে দাবী জানানো হয়েছে ।

---

হাইলাকান্দির বিদ্যালয় সমূহের পরিদর্শক এক বিজ্ঞপ্তীতে  বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্র ছাত্রীদের ঐ প্রতিষ্ঠানটি আসাম বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (নিয়ন্ত্রন ও ব্যবস্থাপনা ) আইন ২০০৬ সালের অধীনে বৈধ প্রশাসনিক স্বীকৃতিপ্রাপ্ত কিনা তা ভর্তির আগে যাচাই করতে অভিভাবকদের কাছে আবেদন জানিয়েছেন ।

---

হরিয়ানার রোহতকে অনুষ্ঠিত ১৭ বছর অনুর্দ্ধ ষষ্ঠ জাতীয় জুনিয়র বক্সিং প্রতিযোগীতায় আসাম চারটি ব্রোঞ্জের পদক জয় করে অভিযান শেষ করেছে । আজ সমাপ্ত হওয়া প্রতিযোগীতায় আসামের হয়ে মনিকা দোলে ৪৪ থেকে ৪৬ কিলোগ্রাম , নমিতা সিং ৫২ থেকে ৫৬ কিলোগ্রাম , ধান্তি শইকিয়া ৬০ থেকে ৬৩ কিলোগ্রাম এবং জয়শ্রী ডেকা ৭৫ থেকে ৯০ কিলোগ্রাম ওজন শাখায় ব্রোঞ্জের পদক লাভ করেছে । আসাম বক্সিং সংস্থার সাদারণ সম্পাদক হেমন্ত কুমার কলিতা একথা জানিয়েছেন ।

---